| উন্নয়নের গণ তন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|

গণপ্রজা তন্ত্রী বাংলাদেশ সরকার

# ১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরে উন্নতি |
|---|

**অফিস: খামারপাড়া, ডাকঘর: খামারপাড়া, উপজেলা: বোয়ালমারী, জেলা:-ফরিদপুর**

**মোবাইল নং-: ০১৭২১-৩৮৮৮৭৪.Email:**mdimranhossain509229@gmail.com

স্মারকনং: ২৪.২৯.০১০.১৮.৩৫.০৮.২০২৩.(৪৯) তারিখ: ০৩/০৮/২০২৩ইং।

**১নং ঘোষপুর ইউপির সার্বজনীন জন্ম মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির সভার কার্যবিবরণী**

স্থান: ইউপি কার্যালয় তারিখ: ০৩/০৮/২০২৩ সময়: সকাল ১০.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট- ক**

১নং ঘোষপুর ইউনিয়ন সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোহাম্মদ ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষপুর ইউপি, বোয়ালমারী, ফরিদপুর;

সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ সভা কক্ষ;

তারিখ ঃ ০৩/০৮/২০২৩ইং রোজ বৃহস্পতি বার;

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা;

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট “ক”

| ক্রমিকনং | নাম | পরিচয় | কমিটিতেপদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ ইমরান হোসেন | ইউপি চেয়ারম্যান | সভাপতি | ০১৭২১-৩৮৮৮৭৪ | স্বাক্ষরিত |
| ০২ | জনাব সাবিনা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য | সদস্য | ০১৭১০-০৯২০৪৩ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোছাঃ ফেরদৌসী খানম | সংরক্ষিত মহিলা সদস্য | সদস্য | ০১৭৮১-৭৭৭০৯৫ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ আয়শা বেগম | সংরক্ষিত মহিলা সদস্য | সদস্য | ০১৬৪৩-৪৫২৮৪২ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ ফুল মিয়া | ইউপি সদস্য | সদস্য | ০১৭৩৯-৮২৬৯২২ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ ফিরোজ মোল্যা | ইউপি সদস্য | সদস্য | ০১৭১৫-৭৯৫৩৮২ | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব সেলিম হোসেন | ইউপি সদস্য | সদস্য | ০১৯১৮-৩৫৭২১৮ | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ কামরুল হোসেন | ইউপি সদস্য | সদস্য | ০১৭৫৮-৮৫৮০৯২ | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ জিয়াউর রহমান | ইউপি সদস্য | সদস্য | ০১৭৬৬-৮১৬০২৭ | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃনান্নু মিয়া | ইউপি সদস্য | সদস্য | ০১৮৪২-৫৯৩৫৭০ | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ দেলোয়ার হোসেন | ইউপি সদস্য | সদস্য | ০১৬৩৯৮২২৩০৭ | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ সামচুজ্জামান | ইউপি সদস্য | সদস্য | ০১৭১০-৯৮৯৪৯৭ | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব তপন কুমার সরকার | ইউপি সদস্য | সদস্য | ০১৩১৩-১৩৫৫৯০ | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব তাওহীদ তুহিন | পরিবার পরিকল্পনা পরিদর্শক | সদস্য | ০১৭১২-৫৩৫৭১৯ | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব কানিজ ফাতেমা | পরিবার কল্যান সহকারী | সদস্য | ০১৭২১-৫৭৭০৯৯ | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব আব্দুলগফফার মিয়া | সমাজকর্মী | সদস্য | ০১৯২৯-৪১৫১৪৯ | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ আবুসাইদ মিয়া | সমাজকর্মী | সদস্য | ০১৭১৮-৯৯০৪৬৭ | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব সিরাজ মুন্সী | এনজিও প্রতিনিধি | সদস্য | ০১৯০৫-২৭৭৫১৪ | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ আশরাফুল | এনজিও প্রতিনিধি | সদস্য | ০১৬২৯-৮৭৩৫৩২ | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোহাম্মাদ রিবুল হোসেন | ইউপি সচিব | সদস্য-সচিব | ০১৭১৬-২২৫১৩৬ | স্বাক্ষরিত |

সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, মহান স্বাধীনতার স্থপতি ও জাতির পিতা শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট জাতির পিতার পরিবারের শাহাদত বরণকারী সকল সদস্যকে শ্রদ্ধাভরে স্মরণ করে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধনের গুরুত্বও তুলে ধরেন। জন্ম-মৃত্যু নিবন্ধনের বহুমাত্রিক ব্যবহার ও প্রয়োজনীয়তা সম্পর্কেও তিনি বিস্তারিত আলোচনা করেন। সভাতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরুপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনাঃ

সভাতে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনা কালে জানা যায় যে, ঘোষপুর ইউনিয়নে গত মাসে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের হার খুবই সন্তোষজনক। এই সন্তোষজনক ফলাফলের জন্য সভাপতি উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে বিশেষতঃ সচিব সাহেব, গ্রাম পুলিশ ও কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩) এর ৮(১) ও ৮(২) ধারা অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আইনের ধারা অনুযায়ী সরকার কর্তৃক জন্মের বা মৃত্যুর ৪৫ দিনের নিবন্ধন শতভাগ করণের কঠোর নির্দেশনার কথাও তিনি সভাতে উল্লেখ করেন। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য নিবন্ধকের নিকট প্রদানের বিষয়ে অভিভাবকগণকে সচেতন করার বিষয়ে তিনি সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং প্রচার-প্রচারণা অব্যহত রাখারও আহ্বান জানান।

সভাতে ইউপি সদস্যবৃন্দ জানান যে, আমাদের প্রচার-প্রচারণা যথাযথ হচ্ছে এবং জনগণের মধ্যে একটি পরিবর্তন লক্ষ্য করাও যাচ্ছে। কিছু কিছু অভিভাবক এবিষয়ে অনিহা প্রকাশও করছে, তাদেরকে আইন ও বিধির আলোকে বুঝানোর ফলে তারাও আগ্রহ প্রকাশ করছে মর্মে সভাকে অবহিত করেন।

পরিবার পরিকল্পনা  সহকারী জনাব তাওহীদ তুহিন জানান যে, তাদের বিভাগের পক্ষ থেকেও ব্যাপক প্রচার করা হচ্ছে; প্রতি সপ্তাহের ইপি আই টিকা প্রদানের সময়ও তারা নবাগত শিশুর পিতা-মাতাকে তাদের নিবন্ধন করার বিষয়ে জোর পরামর্শ প্রদান করছেন। পাশা পাশি মৃত্যু নিবন্ধনের জন্যও তারা জনগণকে পরামর্শ প্রদান করছেন।

পরিবার পরিকল্পনা সহকারী জনাব **কানিজ ফাতেমা** জানান যে, তাদের বিভাগের কর্মীগণ যখন মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন তখন তারা সকল স্তরের জনগণকে শিশুর জন্মের পরপরই জন্ম নিবন্ধন করার বিষয়ে সচেতন করছেন। এছাড়াও তাদের পক্ষ থেকে প্রতি মাসের নির্ধারিত ফরমে তথ্যও নিয়মিত প্রদান করছেন। তবে তিনি জানান যে, তাদের বিভাগের কর্মী সংকটের কারণে চাহিত তথ্য সঠিক সময়ে পেতে কিছুটা সমস্যা হচ্ছে; তিনি আশা প্রকাশ করেন যে, আগামীতে কর্মী সংকট থাকলেও তারা যথাযথ সময়ে তথ্য সরবরাহ করবেন।

এনজিও প্রতিনিধি জনাব মোঃ **আশরাফুল** জানান যে, তাদের কর্মীগণ প্রতিদিনই ঋণ আদায়ের জন্য গ্রামে গ্রামে যান, সেখানে তারা সকল বয়সী ব্যক্তির জন্ম নিবন্ধনের বিষয়ে ইতিপূর্বে প্রচার করেছেন; বর্তমানে শিশুর ০-৪৫ দিনের মধ্যে জন্ম ও ০-৪৫ দিন বয়সী  মৃত্যু নিবন্ধনের কঠোর নির্দেশনা থাকায় তারাও জোর প্রচারনা চালাবেন মর্মে সভাকে অবহিত করেন।

**জনাব মোহাম্মদ আবু সাইদ মিয়া**, বিশিষ্ট সমাজ সেবক, সভাকে জানান যে, এই কমিটির সকল সদস্যের ব্যাপক প্রচার-প্রচারণার ফলে জনগণের মাঝে একটি ইতি বাচক পরিবর্তন দৃশ্যমান হয়েছে। ভবিষ্যতে এই প্রচাণা অব্যহত থাকলে আমরা আমাদের কাংক্ষিত লক্ষ্যে অবশ্যই পৌঁছতে পারবো বলে তিনি আশা প্রকাশ করেন। তার পক্ষ থেকে সকল প্রকার প্রচারনাও জোরদার করবেন মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, তারা প্রায়ই বিভিন্ন স্থানে জানাযায় জান, সেখানে তিনি মৃত্যু নিবন্ধনের বিষয়েও প্রচারনা করবেন।

সিদ্ধান্ত-১ঃ ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের জন্য কার্যকর প্রচার-প্রচারণা চলছে এবং ভবিষ্যতেও এই প্রচারণা অব্যহত থাকবে। কাংক্ষিত ০-১ বছর বয়সী শিশুর নিবন্ধনের জন্য শিশুর পিতা-মাতা/আত্মীয়-স্বজন/অভিভাবগণের এবং মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য সচেতনতা বৃদ্ধি কার্যক্রম জোরদার করা হবে। সদ্য জন্ম গ্রহণকৃত শিশুর নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন সঠিকভাবে হচ্ছে কিনা তা সদস্যগণ সময়ে সময়ে তদারকি করবেন। গ্রাম পুলিশগণ সদ্য জন্ম গ্রহণকৃত শিশুর তথ্য ও মৃত ব্যক্তির তথ্য সংগ্রহে সদা তৎপর থাকবেন; প্রাপ্ত তথ্য তারা তাদেরকে সরবরাহকৃত রেজিস্টারে সঠিকভাবে লিপিবদ্ধ করবেন। জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য ওয়ার্ড সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের মসজিদের মাইকেও প্রচারের ব্যবস্থা করবেন।  বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রাম পুলিশ বৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

২. জুলাই/২৩ মাসের জন্ম-মৃত্যু নিবন্ধনের তথ্য পর্যালোচনাঃ

সভাতে গত মাসের জন্ম-মৃত্যু নিবন্ধনের তথ্য উপস্থাপনের জন্য সচিব সাহেবকে অনুমতি প্রদান করা হয়। সচিব সাহেব নিম্নোক্ত তথ্য সভাতে উপস্থাপন করেন।

জুলাই/২০২৩ মাসের ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য

| ক্র: নং | ইউনিয়ন | জন্ম নিবন্ধন | | | | মৃত্যু নিবন্ধন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন | ৪৬-১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন | মোট অর্জন (৩+৪) | মাসিক লক্ষ্য টার্গেট | ০-৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন | ৪৬-১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন | মোট অর্জন (৩+৪) | মাসিক লক্ষ্য টার্গেট |
| | ১নং ঘোষপুর | ১৫ | ২৩ | ৩৮ | ৩৬ | ০৪ | ০৭ | ১১ | ১০ |

উপস্থাপনকৃত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, ঘোষপুর ইউনিয়নের ০-৪৫ দিনের জন্ম ও মৃত্যু হার প্রকৃতই সন্তোষজনক। সভাপতি এই কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী দিনগুলোতে এই হার যেন আরও বৃদ্ধি পায় সে বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধনের এই হারকে আগামী দিনগুলোতে আরও বেশি করার জন্য সকলকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়ন কারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রাম পুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

৩. শ্রেষ্ঠ গ্রাম পুলিশ নির্বাচন, পুরস্কার প্রদান এবং অসহযোগিতার জন্য তিরস্কার প্রদানঃ
জুলাই/২০২৩ মাসে ০-৪৫ দিন বয়সী মোট ৩টি শিশুর জন্ম নিবন্ধন ও ২টি মৃত্যু নিবন্ধন সম্পন্ন করণে সহযোগিতা করার জন্য ঘোষপুর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৪নং ওয়ার্ডের গ্রাম পুলিশ জনাব মোঃ হাসমত সেক জন্ম ও মৃত্যু নিবন্ধন ভাল করাই আন্তরিক ধন্যবাদ জানানো হয়; তাকে পরিষদের পক্ষ থেকে একটি ধন্যবাদ পত্র ও সামান্য প্রাইজ মানিও প্রদান করা হয়। পাশা পাশি জুলাই/২০২৩ মাসে ৭নং ওয়ার্ডে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন অনেক কম হওয়ায় উক্ত ওয়ার্ডের গ্রাম পুলিশ জনাব ইমামুল শেখকে বিধি অনুযায়ী তিরস্কার করা হয় এবং ভবিষ্যতে এটি অব্যহত থাকলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা মর্মে তাকে সতর্ক করা হয়।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহযোগিতার জন্য প্রতি মাসেই একজন শ্রেষ্ট গ্রাম পুলিশ নির্বাচন করা হবে; তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হবে এবং যে গ্রাম পুলিশের কাজের অবহেলা প্রমাণিত হবে তার বেতন-ভাতা বন্ধ করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
বাস্তবায়ন কারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রাম পুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

এমতাবস্থায় উল্লেখিত **সার্বজনীন জন্ম মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটি** সমূহের সকল সদস্য সহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত সভা অনুষ্ঠান পূর্বক সভার সিদ্ধান্ত সমূহ অত্র ইউনিয়ন পরিষদ সহ সংশ্লিষ্ট সকল কে নিয়মিত অবহিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো এবং ০-৪৫ দিন বয়সী সকল জন্ম ও মৃত্যু যেন আমরা সকলের সহযোগিতায় শতভাগ করতে পারি সেই আশাবাদ ব্যক্ত করে, সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্ত ঘোষনা করেন। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০৩/০৮/২০২৩ইং তারিখ হতে কার্যকর হলো।

(মোহাম্মাদ ইমরান হোসেন)
চেয়ারম্যান
**১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,**
বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং: ২৪.২৯.০১০.১৮.৩৫.০৮.২০২২.(৪৯)

তারিখ: ০৩/০৮/২০২৩ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। উপ-পরিচালক,(উপসচিব)স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী,ফরিদপুর।
৩। জনাব সদস্য, **সার্বজনীন জন্ম মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটি** (সকল)।
৪। নোটিশ বোর্ড।
৫। অফিস নথি।

(মোহাম্মাদ রিবুল হোসেন)
সচিব
১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।